

৩.১. পরীক্ষা সংক্রান্ত বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর হতে সংশ্লিষ্ট শিক্ষকের মুঠোফোনে একটি বার্তা (ম্যাসেজ) পাঠানোর পরিবর্তে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়াদি (বিলসহ) স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট শিক্ষকের ড্যাশবোর্ডে/প্রোফাইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

৩.২. ডাব্লিউইএস (ওয়ার্ল্ড এডুকেশন সিস্টেম)-এর মাধ্যমে কোন সেবা গ্রহীতা তাঁর সনদসমূহ যাচাই করতে/করাতে চাইলে অনলাইনে প্রয়োজনীয় ফি প্রদানের ব্যবস্থাসহ শারিরিক উপস্থিতি বাদ দিয়ে স্বয়ংক্রিয়ভাবে ই-মেইলে ট্রান্সক্রিপ্ট পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা



৩.৩. ডিইউঅ্যাপস্-এর নিউজ পোর্টালে প্রকাশিত নিউজ গুলো অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করার সুযোগ (অপশন) রাখা, নোটিশ পোর্টালে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় সাধারণ নোটিশ প্রকাশ করাসহ অন্যান্য পোর্টালের অন্তর্ভুক্ত বিষয়গুলো আরও সাম্প্রতিক (up to date) গুলো আরও ব্যবহার-বান্ধব (user friendly) করা

৩.৪. এনওসিসহ যাবতীয় ফর্ম (যা পূরণ করে সেবা গ্রহণের জন্য জমা দিতে হয়) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পিডিএফ ফরম্যাটের পাশাপাশি প্রিন্ট অপশনের সুযোগসহ এডিটএবল টেক্স ফরমাটে (editable text format) অনলাইনে প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ করা


৩.৫. প্রশাসনিক ভবনের কক্ষসমূহের পরিচিতিসহ দৃশ্যমান স্থানে ফ্লোর ওয়াইজ ডিজিটাল ম্যাপ টানানোর ব্যবস্থা গ্রহণ করা

৩.৬. সিটিজেন চার্টারের বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

৩.৭. অনুমোদিত এনওসি যেমন অনলাইনে দেয়ার ব্যবস্থা চালু আছে ঠিক একই রকমভাবে অনুমোদিত বিদেশভ্রমণ সংক্রান্ত জিও-ও অনলাইনে প্রাপ্তির বিষয়টিও চালু করা

৩.৮. বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ছাত্রাবাসে অবস্থানকারীকে আধুনিক ও মানসম্মত আইসিটি সেবা প্রদানের লক্ষ্যে একটি করে ডিজিটাল ল্যাব স্থাপন করা

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইসতিয়াক এম সৈয়দ

অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও

আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম